মডেল টেস্ট-০২

# প্রাথমিক বিজ্ঞান

## সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০**

১. টিপুর গোলাপ গাছটি বিভিন্ন জড় বস্তুর উপর নির্ভর করে। এই জড় বস্তুর মধ্যে কোনটি রয়েছে।
ক. ঘাস খ. পোকা
গ. সূর্যের আলো ঘ. কচুরিপানা

২. তোমাদের ছাদের দেয়ালে একটি চারাগাছ জন্মেছে। কিসের মাধ্যমে গাছটির বীজ এখানে এসেছে?
ক. উদ্ভিদ খ. প্রাণী
গ. পানি ঘ. বায়ু

৩. আজ তোমার এলাকায় হঠাৎ করে এসিড বৃষ্টি হয়েছে। এর জন্য কোন দূষণটি দায়ী?
ক. রাসায়নিক দূষণ খ. বায়ু দূষণ
গ. পানি দূষণ ঘ. শব্দ দূষণ

৪. কৃষিক্ষেত্রে অতিরিক্ত রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহারের ফলে জমির কী হয়?
ক. ক্ষয়রোধ হয় খ. লবণাক্ততা বাড়ে
গ. উৎপাদন ক্ষমতা কমে
ঘ. উর্বরতা বজায় থাকে

৫. উদ্ভিদ খাদ্য তৈরির সময় কার্বন ডাইঅক্সাইড গ্রহণ করে এবং বায়ুতে ছাড়ে–
ক. নাইট্রোজেন খ. অক্সিজেন
গ. সালফার ঘ. ক্লোরিন

৬. একটি বিকারে তুমি বরফ খণ্ড নিলে, মোমবাতি দিয়ে বিকারটির নিচে তাপ দাও। বিকারের সমস্ত পানি যে পদ্ধতিতে গরম হয়ে উঠল তাকে কী বলে?
ক. পরিবহন খ. পরিচলন
গ. বিকিরণ ঘ. পরিবহন ও বিকিরণ

৭. যদি পরমাণুগুলোর বন্ধন শিথিল হয়, পরমাণুগুলো যদি চলাচল করতে পারে, কিন্তু এদের গড় দূরত্ব ঠিক থাকে তবে পদার্থটি কোন দশা লাভ করে?
ক. গ্যাসীয় খ. কঠিন
গ. প্লাজমা ঘ. তরল

৮. সুষম খাদ্যের অভাবে শিশুরা পুষ্টিহীনতায় ভোগে। এর ফলে শিশুর —
ক. ঘন ঘন ডায়রিয়া হবে
খ. সুস্থ সবলভাবে বেড়ে উঠতে ব্যাঘাত হবে
গ. সহজে মাথা ব্যথা ও জ্বরে আক্রান্ত হবে
ঘ. কলেরা আমাশয় রোগে আক্রান্ত হবে

৯. বুম্পাদের বাজারের মাছ বিক্রেতা নদী থেকে মাছ ধরে তা সংরক্ষণ করে। মাছ সংরক্ষণ করতে সে কী ব্যবহার করে?
ক. সিরকা খ. চিনি গ. লবণ ঘ. তেল

১০. এক সপ্তাহ হলো মৌ কলেরা হাসপাতালে ভর্তি হয়েছে। মৌ এর রোগটি কোন ধরনের রোগ?
ক. ছোঁয়াচে খ. বায়ুবাহিত
গ. পানিবাহিত ঘ. পোকামাকড়বাহিত

১১. মালতীর পুকুরে শাপলা ফুটেছে। এই উদ্ভিদটির আবাসস্থল কোনটি?
ক. মাঠ খ. বাগান
গ. নার্সারী ঘ. পানি

১২. রবি টেলিভিশনে পরিবেশ বিষয়ক অনুষ্ঠানে দেখল পোকা ঘাস খায়, ব্যাঙ পোকা খায়, সাপ ব্যাঙ খায়, বাজপাখি সাপ খায়। রবির দেখা এই প্রক্রিয়াটির নাম কী?
ক. খাদ্যজাল খ. খাদ্যশৃঙ্খল
গ. খাদ্য পিরামিড ঘ. খাদ্য তৈরির পরিবেশ

১৩. নিচের কোনটি সঠিক খাদ্যশৃঙ্খলের উদাহরণ?
ক. ব্যাঙ⟶ফড়িং⟶ঘাস
খ. ফড়িং⟶ঘাস⟶ব্যাঙ
গ. ঘাস⟶ফড়িং⟶ব্যাঙ
ঘ. ঘাস⟶ব্যাঙ⟶ফড়িং

১৪. হঠাৎ আওয়াজ, গোলমাল, বিভিন্ন শব্দে আমাদের শারীরিক সমস্যা তৈরি হতে পারে। এ দূষণের ফলে নিচের কোন সমস্যাটি হতে পারে?
ক. হাতে সমস্যা খ. চোখে সমস্যা
গ. কানে সমস্যা ঘ. মুখে সমস্যা

১৫. আরিফ সাহেব মাঝে মাঝে গাড়িতে না চড়ে পায়ে হেঁটে অফিসে যান। এই কাজটি দ্বারা তিনি পরিবেশের কী সংরক্ষণ করতে পারবেন?
ক. সামাজিক সম্পদ খ. প্রাকৃতিক সম্পদ
গ. সমষ্টিগত সম্পদ ঘ. অর্থনৈতিক সম্পদ

১৬. পানি নিরাপদ না হলে এর মাধ্যমে কিছু রোগ ছড়ায়। নিচের কোন রোগটি এ ধরনের পানি পান করলে হয়ে থাকে?
ক. বসন্ত খ. আমাশয়
গ. ডেঙ্গু ঘ. বাতজ্বর

১৭. রোগীর কফ, থুতু, হাঁচি, কাশির মাধ্যমে রোগের জীবাণু ছড়ায়। কোন রোগের জীবাণু এভাবে ছড়ায়?
ক. জন্ডিস খ. কলেরা
গ. সর্দিজ্বর ঘ. আমাশয়

১৮. মে থেকে জুন মাস বাংলাদেশে গ্রীষ্মকাল। এসময় পৃথিবী কোন গোলার্ধে হেলে থাকে?
ক. দক্ষিণ গোলার্ধে খ. পূর্ব গোলার্ধে
গ. উত্তর গোলার্ধে ঘ. পশ্চিম গোলার্ধে

http://teachingbd.com

১৯. আলোর গতিতে চললে মিল্কিওয়ে গ্যালাক্সির এক প্রান্ত হতে অন্য প্রান্তে যেতে কত সময় লাগবে?
ক. ১০,০০০ বছর খ. ১২,০০০ বছর
গ. ১০,০০০০ বছর ঘ. ১,৩০,০০০ বছর

২০. তোমাদের বসার ঘরে একটি সোফা প্রয়োজন, মিস্ত্রি গাছ কেটে কাঠের আকার দিল, যন্ত্রপাতি ব্যবহারে অনেক কৌশল প্রয়োগ করল। এইসব আয়োজনকে কী বলে?
ক. জ্ঞান খ. বিজ্ঞান
গ. প্রযুক্তি ঘ. উন্নত কৃষি প্রযুক্তি

২১. শিলা পড়াশুনা বাদ দিয়ে এক নাগাড়ে অনেকক্ষণ টিভি দেখে। এই নেশা কী শিলার ক্ষতি করবে?
ক. রোগে আক্রান্ত হবে
খ. পরীক্ষায় ফেল করবে
গ. মুক্ত চিন্তায় বাঁধা দিবে
ঘ. বুদ্ধি হ্রাস পাবে

২২. দিবা মহাবিশ্বের তথ্য অনুসন্ধানে মূল শব্দটি Search Bar এ লিখে। তথ্যটি পেতে দিবা কম্পিউটারের কোন Key চাপে?
ক. Function key খ. Enter key
গ. Neumeric key ঘ. Shift key

২৩. যান্ত্রিক প্রযুক্তিতে কাঁচামাল হলো বস্তু বা শক্তি। তথ্য প্রযুক্তিতে কাঁচামাল কোনটি?
ক. তথ্য খ. প্রযুক্তি
গ. বিজ্ঞান ঘ. ধর্ম

২৪. রাত্রি ইন্টারনেট থেকে বিজ্ঞান বইটি পড়বে। বইটি পড়ার জন্য রাত্রি কী ব্যবহার করবে?
ক. Search ইঞ্জিন খ. Database
গ. Program ঘ. Software

২৫. দীপু বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চলে বাস করে। এই অঞ্চলে কোন দুর্যোগ সৃষ্টি হয়?
ক. বন্যা খ. খরা
গ. জলোচ্ছ্বাস ঘ. টর্নেডো

২৬. সমুদ্রের উপরিভাগে চাপের তারতম্যের কারণে এক ধরনের বজ্রঝড়ের সৃষ্টি হয়। কী কারণে এই বজ্রঝড় সৃষ্টি হয়?
ক. নিম্নচাপ খ. উচ্চচাপ
গ. শৈত্য প্রবাহ ঘ. তাপদাহ

২৭. কলকারখানা, যানবাহনে কয়লা, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস পোড়ানো হয়। এতে কোন গ্যাসের পরিমাণ বেড়ে যাবে বলে তুমি মনে কর?
ক. নাইট্রোজেন খ. অক্সিজেন
গ. কার্বন ডাইঅক্সাইড ঘ. আর্গন

২৮. দীনা ও টিনা জলবায়ু নিয়ে গবেষণা করছে। টিনা দীনাকে বলল পৃথিবীর গড় তাপমাত্রা ধীরে ধীরে পরিবর্তিত হচ্ছে। তাদের আলোচিত তাপমাত্রা বৃদ্ধির বিষয়টিকে কী বলা হয়?
ক. স্থানীয় উষ্ণায়ন খ. আঞ্চলিক উষ্ণায়ন
গ. বৈশ্বিক উষ্ণায়ন ঘ. দেশীয় উষ্ণায়ন

২৯. অভিযোজনের উদ্দেশ্য কোনটি?
ক. জলবায়ু পরিবর্তনের আগেই তা মোকাবেলা করা
খ. জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ঝুঁকি কমানো
গ. সমাজের বিশৃঙ্খলা ঠিক করা
ঘ. শুধু জলবায়ু পরিবর্তনের কারণ সবাইকে জানানো

৩০. আমরা বায়ু, পানি, খাদ্য ছাড়া বাঁচতে পারি না। এসবের উৎস কোনটি?
ক. প্রকৃতি খ. সমাজ
গ. পরিবার ঘ. রাষ্ট্র

৩১. আমাদের দেশের জনসংখ্যা প্রচুর। এ জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার জন্য কোন শিক্ষা গ্রহণ প্রয়োজন বলে তুমি মনে কর?
ক. আরবী শিক্ষা খ. আধুনিক শিক্ষা
গ. বাংলা শিক্ষা ঘ. বিজ্ঞান শিক্ষা

৩২. যখন পৃথিবীর উত্তর গোলার্ধ সূর্যের বিপরীত দিকে হেলে থাকে তখন সে অংশে কী ঘটে?
ক. গ্রীষ্ম খ. বর্ষা
গ. শীত ঘ. বসন্ত

৩৩. বিপুল সংখ্যক গ্যালাক্সি এবং এদের মধ্যবর্তী স্থান মিলে কী গঠিত হয়?
ক. উপগ্রহ খ. মহাবিশ্ব
গ. সৌরজগৎ ঘ. ছায়াপথ

৩৪. বিভিন্ন কারণে মাটি দূষিত হয়ে থাকে। এরকম একটি কারণ কোনটি?
ক. পৃথিবীর উষ্ণতা বৃদ্ধি
খ. চাষাবাদে যন্ত্রপাতির ব্যবহার
গ. কীটনাশকের ব্যবহার
ঘ. মাটির উর্বরতা হ্রাস

৩৫. কোন দুটি নিবিড়ভাবে সম্পর্কিত?
ক. বিজ্ঞান ও প্রযুক্তি
খ. জৈব প্রযুক্তি ও অণুবীক্ষণ যন্ত্র
গ. কৃষিক্ষেত্র ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং
ঘ. চিকিৎসাক্ষেত্র ও সরলযন্ত্র

৩৬. দিপু সকালে ফুল তুলতে গিয়ে দেখলো ফুলের পাতায় বিন্দু বিন্দু পানি। এই পানিকে কী বলে?
ক. বাষ্প খ. ফোঁটা
গ. শিশির ঘ. বরফ

৩৭. তোমার এলাকায় ডায়রিয়া রোগের প্রাদুর্ভাব প্রায়ই দেখা যায়। এমন পরিস্থিতিতে তুমি তোমার এলাকাবাসীকে নিয়ে কী করবে?
ক. আর্সেনিক দূষণ সম্পর্কে সচেতন করবে
খ. বেশি বেশি গাছ রোপণ করতে বলবে
গ. প্রতিকারের জন্য কবিরাজের কাছে যেতে বলবে
ঘ. পানি দূষণের কারণ ও ফলাফল জানাবে

৩৮. তুলি তার ভেজা চুল শুকাতে একটি বিশেষ যন্ত্র ব্যবহার করে। যন্ত্রটির নাম কী?
ক. আয়রণ মেশিন খ. হেয়ার ড্রায়ার
গ. অগ্নি নির্বাপক যন্ত্র ঘ. সিলিন্ডার

http://teachingbd.com

৩৯. **মাছ, মাংস, ফল, চিপস টিন বা প্যাকেটে সংরক্ষণ করা হয়। এতে কোন উপাদানটি ব্যবহার করা হয়?**
ক. অক্সিজেন খ. সালফার
গ. নাইট্রোজেন ঘ. জলীয়বাষ্প

৪০. **টিনা পলকে বলল, বিভিন্ন ধরনের গ্যাস মেঘের সাথে মিশে যে বৃষ্টি হয় তা জীবের জন্য ক্ষতিকর। টিনা কোন বৃষ্টির কথা বলল?**
ক. লঘু বৃষ্টি খ. পাথর বৃষ্টি
গ. শিলা বৃষ্টি ঘ. এসিড বৃষ্টি

৪১. **ব্যাকটেরিয়া, ভাইরাস, ছত্রাক ইত্যাদি শরীরে প্রবেশের ফলে সৃষ্ট রোগকে কী বলে?**
ক. শ্বাসজনিত
খ. ভাইরাস
গ. সংক্রামক
ঘ. হৃদরোগ

৪২. **চিকিৎসা ক্ষেত্রে কোন প্রযুক্তিটি ব্যবহৃত হয়?**
ক. টেবিল খ. সেচ পাম্প
গ. থার্মোমিটার ঘ. ট্রাক্টর

৪৩. **তথ্য খুঁজে পেতে, বুঝতে, মূল্যায়ন ও ব্যবহার করতে কোনটি প্রয়োজন?**
ক. জ্ঞান খ. দক্ষতা
গ. টাকা পয়সা ঘ. ধারণা

৪৪. **সম্পদ কয় প্রকার?**
ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৬

৪৫. **বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহারে কোন ক্ষেত্রে উৎপাদন বাড়ানো সম্ভব হয়েছে?**
ক. কৃষিক্ষেত্রে খ. গবেষণাক্ষেত্রে
গ. চিকিৎসাক্ষেত্রে ঘ. শিক্ষাক্ষেত্রে

৪৬. **কোনটি ছাড়া কোনো উদ্ভিদ ও প্রাণী বাঁচতে পারে না?**
ক. পাথর খ. বায়ু
গ. পাহাড় ঘ. বালি

৪৭. **সকল উদ্ভিদ ও প্রাণীর শক্তির প্রধান উৎস কোনটি?**
ক. মাটি খ. পানি গ. বায়ু ঘ. সূর্য

৪৮. **উচ্চস্বরে গান বাজালে কোন দূষণ ঘটে?**
ক. পানি দূষণ খ. মাটি দূষণ
গ. শব্দ দূষণ ঘ. বায়ু দূষণ

৪৯. **পানি দূষণ প্রতিরোধের উপায় কোনটি?**
ক. গৃহস্থালির ময়লা পানিতে ফেলা
খ. জমিতে সার বা কীটনাশক কম ব্যবহার
গ. পানিতে গরু মহিষের গোসল করানো
ঘ. পুকুরের পানিতে চিপসের প্যাকেট ফেলা

৫০. **নিচের কোনটি পানি দূষণের প্রাকৃতিক কারণ?**
ক. ময়লা ও আবর্জনা
খ. ভূগর্ভস্থ আর্সেনিক
গ. কীটনাশকের ব্যবহার
ঘ. কলকারখানার বর্জ্য

২. **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ। ১×১৫=১৫**

ক. পরিবেশের বিভিন্ন ধরনের উপাদান রয়েছে। এর মধ্যে কোন দুইটি উপাদানের উপর জীব নির্ভরশীল?
খ. প্রাণী ও উদ্ভিদের বেঁচে থাকার জন্য বিভিন্ন ধরনের উপাদান প্রয়োজন। এর মধ্যে কোনটি ছাড়া তারা এক মুহূর্তেও বেঁচে থাকতে পারে না?
গ. বায়ু প্রবাহ দ্বারা কীভাবে বিদ্যুৎ উৎপাদন করা যায়?
ঘ. অনিরাপদ পানি থেকে কীভাবে তুমি নিরাপদ পানি পেতে পার তা একটি বাক্য লেখ।
ঙ. পরিবেশের বিভিন্ন দূষণ মানুষের উপর বিভিন্ন প্রভাব ফেলে। এর মধ্যে বায়ু দূষণের ফলে মানুষের স্বাস্থ্যের ওপর কেমন প্রভাব পড়ে?
চ. কোনো কিছু দেখতে আলো প্রয়োজন। এটি কীভাবে সঞ্চালিত হয়?
ছ. দেহের জন্য খনিজ লবণ ও ভিটামিন গ্রহণ আবশ্যক। এগুলোর উৎস কী?
জ. এডিস মশার কামড়ে ডেঙ্গু রোগ হয়। এ রোগ প্রতিরোধের দুইটি উপায় লেখ।
ঝ. পৃথিবী সূর্যের চারপাশে ঘুরে। এতে কত সময় লাগে?
ঞ. বিজ্ঞানীরা বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করে থাকেন। একাজ তারা কখন করেন?
ট. তথ্য বিনিময় কী?
ঠ. আর্দ্রতা কী?
ড. জলবায়ুর পরিবর্তন কাকে বলে?
ঢ. চার ধরনের পরিবেশ দূষণ কী কী?
ণ. আদমশুমারি কী?

৩. **ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও: ৫ × ৭ = ৩৫**

ক. সকল জীবের বাসস্থানের জন্য একটি নির্দিষ্ট জায়গা প্রয়োজন। একে কী বলা হয়? এর জন্য উদ্ভিদ ও প্রাণী পরিবেশের জড় উপাদানের ওপর কীভাবে নির্ভরশীল? ৪টি বাক্যে লেখ। ১+৪=৫
খ. রন্তুর বাড়ির পাশে ময়লা আবর্জনা ফেলা হয়, এতে কোন দূষণ ঘটবে? এর ৪টি ক্ষতিকর প্রভাব লেখ। ১+৪=৫
গ. গ্রিন হাউস কী? একটি গ্রিন হাউস গ্যাসের নাম লেখ। জলবায়ু পরিবর্তন রোধে আমাদের তিনটি করণীয় লেখ। ১+১+৩ = ৫
ঘ. প্রযুক্তি আমাদের জীবনকে কীভাবে উন্নত করছে? পরিবেশের উপর এর প্রভাব ৩টি বাক্যে লেখ। ২+৩ = ৫
ঙ. ইন্টারনেট কী? ইন্টারনেটের মাধ্যমে তথ্য সংগ্রহের মৌলিক ধাপগুলো ৪টি বাক্যে লেখ। ১+৪ = ৫
চ. বৈশ্বিক উষ্ণায়ন কী? বৈশ্বিক উষ্ণায়নের দুটি কারণ উল্লেখ কর। প্রতিকূল পরিবেশে টিকে থাকতে তোমার দুটি করণীয় দিক উল্লেখ কর। ১+২+২=৫
ছ. শহরে কারখানার বড় বড় যন্ত্রপাতি ব্যবহারের ফলে তীব্র শব্দের সৃষ্টি হয়। এতে কী ঘটে? এই তীব্র শব্দে সৃষ্ট ৪টি সমস্যা উল্লেখ কর। ১+২+২=৫
জ. পানি বিশুদ্ধকরণ কী? পানি নিরাপদ করার ৪টি উপায় লেখ। ১+৪=৫
ঝ. তোমার গ্রামে বায়ু দূষণ প্রতিরোধে তোমার গৃহীত ৫টি পদক্ষেপ লেখ। ৫
ঞ. প্রাকৃতিক সম্পদের উপর জনসংখ্যার পাঁচটি প্রভাব লেখ। ৫

http://teachingbd.com

১. ১. গ. সূর্যের আলো; ২. খ. প্রাণী; ৩. খ. বায়ু দূষণ; ৪. গ. উৎপাদন ক্ষমতা কমে; ৫. খ. অক্সিজেন; ৬. খ. পরিচলন; ৭. ঘ. তরল; ৮. খ. সুস্থ সবলভাবে বেড়ে উঠতে ব্যাঘাত হবে; ৯. গ. লবণ; ১০. গ. পানিবাহিত; ১১. ঘ. পানি; ১২. খ. খাদ্যশৃঙ্খল; ১৩. গ. ঘাস→ফড়িং→ব্যাঙ; ১৪. গ. কানে সমস্যা; ১৫. খ. প্রাকৃতিক সম্পদ; ১৬. খ. আমাশয়; ১৭. গ. সর্দিজ্বর; ১৮. গ. উত্তর গোলার্ধে; ১৯. ঘ. ১,৩০,০০০ বছর; ২০. গ. প্রযুক্তি; ২১. গ. মুক্ত চিন্তায় বাঁধা দিবে; ২২. খ. Enter key; ২৩. ক. তথ্য; ২৪. ক. Search ইঞ্জিন; ২৫. খ. খরা; ২৬. ক. নিম্নচাপ; ২৭. গ. কার্বন ডাইঅক্সাইড; ২৮. গ. বৈশ্বিক উষ্ণায়ন; ২৯. খ. জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ঝুঁকি কমানো; ৩০. ক. প্রকৃতি; ৩১. ঘ. বিজ্ঞান শিক্ষা; ৩২. গ. শীত; ৩৩. খ. মহাবিশ্ব; ৩৪. গ. কীটনাশকের ব্যবহার; ৩৫. ক. বিজ্ঞান ও প্রযুক্তি; ৩৬. গ. শিশির; ৩৭. ঘ. পানি দূষণের কারণ ও ফলাফল জানাবে; ৩৮. খ. হেয়ার ড্রায়ার; ৩৯. গ. নাইট্রোজেন; ৪০. ঘ. এসিড বৃষ্টি; ৪১. গ. সংক্রামক; ৪২. গ. থার্মোমিটার; ৪৩. খ. দক্ষতা; ৪৪. ক. ২; ৪৫. ক. কৃষিক্ষেত্রে; ৪৬. খ. বায়ু; ৪৭. ঘ. সূর্য; ৪৮. গ. শব্দ দূষণ; ৪৯. খ. জমিতে সার বা কীটনাশক কম ব্যবহার; ৫০. খ. ভূগর্ভস্থ আর্সেনিক।

২.

ক. বায়ু ও পানি।

খ. পরিবেশে প্রাণী ও উদ্ভিদ বায়ু ছাড়া এক মুহূর্তও বেঁচে থাকতে পারে না।

গ. বায়ু প্রবাহের দ্বারা উইন্ডমিলের পাখা ঘোরানোর মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করা যায়।

ঘ. পানিকে ২০ মিনিটের বেশি সময় ধরে ফুটানোর মাধ্যমে।

ঙ. ফুসফুসের ক্যান্সার; শ্বাসজনিত রোগ ও হৃদরোগ ইত্যাদি হতে পারে।

চ. আলো বিকিরণ পদ্ধতিতে সঞ্চালিত হয়। আলোর সঞ্চালনের জন্য কোনো মাধ্যমের প্রয়োজন হয় না।

ছ. যে কোনো ধরনের ফল যেমন- আম, আপেল, কমলা ইত্যাদি ভিটামিন ও খনিজ লবণের উৎস।

জ. ডেঙ্গু প্রতিরোধের দুইটি উপায় নিচে দেওয়া হলো—

i. এডিস মশার আবাসস্থলে পানি জমতে না দেওয়া।

ii. এডিস মশার আবাস্থল ধ্বংস করা।

ঝ. পৃথিবী সূর্যের চারপাশে একবার ঘুরে আসতে ৩৬৫ দিন ৬ ঘন্টা সময় লাগে।

ঞ. বিজ্ঞানীরা প্রাকৃতিক ঘটনা সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উত্তর অনুসন্ধানের ক্ষেত্রে বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করেন।

ট. তথ্য বিনিময় একটি প্রক্রিয়া যার মাধ্যমে কোনো তথ্য বন্ধু, পরিবার এবং অন্যান্য মানুষের সঙ্গে আদান-প্রদান করা হয়।

ঠ. আর্দ্রতা হলো বাতাসে উপস্থিত জলীয় বাষ্পের পরিমাণ।

ড. আবহাওয়ার উপাদানগুলোর উল্লেখযোগ্য স্থায়ী পরিবর্তনকে জলবায়ুর পরিবর্তন বলা হয়।

ঢ. চার ধরনের পরিবেশ দূষণ হলো—
(i) বায়ুদূষণ, (ii) পানিদূষণ, (iii) মাটি দূষণ ও (iv) শব্দদূষণ।

ণ. জনসংখ্যার হিসাব জানার জন্য নির্দিষ্ট দিনে ঘরে ঘরে গিয়ে লোক গণনার যে ব্যবস্থা তাই আদমশুমারি।

Teachingbd.com